R. N. No. 2532/5 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১০৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
২৮শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২১শে অগ্রহায়ণ বুধবার, ১৩৯৫ সাল।
৭ই ডিসেম্বর, ১৯৮৮ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০্

## এল-টি-সি নিয়ে কারচুপি এবার জঙ্গিপুর ব্যারেজে

বিশেষ প্রতিবেদক : খবরে প্রকাশ, বেশ কয়েক মাস আগে জঙ্গিপুর ব্যারেজের কয়েকজন কর্মী এল-টি-সির টাকা নিয়ে দক্ষিণ ভারত ভ্রমণের জন্য ছুটি নেন। নিয়ম মত একটি রেজিস্টার্ড ট্রাভেলিং এজেন্সির কাছ থেকে বাসের নম্বরও অফিসে দাখিল করেন। কিন্তু হঠাৎ প্রকৃত ঘটনা ফাঁস হয়ে যায়। ঐ ভ্রমণে অংশগ্রহণকারী জনৈক কর্মী সহদেব সূত্রধর কর্তৃপক্ষের কাছে নাকি লিখিত অভিযোগ জানান তাঁরা উত্তর ভারত ভ্রমণে গিয়েছিলেন এবং পথে বৃন্দাবনে তিনি অসুস্থ হয়ে পড়লে তাঁকে ওখানে একটি হাসপাতালে ভর্তি করে তাঁর স্ত্রীকে একলা ফেলে রেখেই সহকর্মীরা চলে যায়। প্রমাণ স্বরূপ শ্রীসূত্রধর উক্ত হাসপাতালের আউট ডোরের টিকিটও কর্তৃপক্ষের কাছে জমা দেন। এতে ব্যারেজ কর্তৃপক্ষের টনক নড়ে। এদিকে ঘটনা দিল্লির কর্তাদের দপ্তরে জানাজানি হলে তাঁরা নাকি ব্যারেজ কর্তৃপক্ষকে এ ব্যাপারে অনুসন্ধানের নির্দেশ দেন। এক্সিকউটিভ ইঞ্জিনিয়ার এইচ. কে, ব্যানার্জী ষ্টুরিষ্ট ডিপার্টমেণ্টে তদন্ত করতে গিয়ে জানতে পারেন ঐ নম্বরের কোন বাসই নাকি নেই। এদিকে ঘটনা জানাজানি হয়ে যাওয়ায় দোষী কর্মচারীরা ভ্রমণের বিল অফিসে জমা দেননি। কিন্তু এ্যাডভান্স টাকা পরিশোধের নিয়ম অনুযায়ী ভ্রমণ শেষ হওয়া মাত্র সম্পূর্ণ বিল এ্যাডজাষ্টমেণ্টের জন্য জমা দেওয়া একান্ত প্রয়োজন। এই গোলমালের ব্যাপারটিকে ধামা চাপা দিয়ে কর্মচারীদের বাঁচাতে ইউ টি ইউ সি ইউনিয়নের পক্ষে সুশীল চক্রবর্তী জঙ্গিপুর ব্যারেজের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার সরোজ মজুমদারের (শেষ পৃঃ দ্রঃ)

## শহর, আধাশহর সর্বত্রই বে-আইনী রিক্সা বেড়ে চলেছে

ধুলিয়ান : আমাদের সংবাদদাতা জানাচ্ছেন স্থানীয় পুরসভার পরিদর্শন গাফিলতিতে এই শহরে বে-আইনী রিক্সা বেড়ে চলেছে। শহরে ঘোড়ার গাড়ী ছাড়াও বর্তমানে রিক্সা চলাচল করে শতাধিক। কিন্তু জানা যায় কুড়িটির বেশী রিক্সার কোন বৈধ লাইসেন্স নাই। বাকী সবই লাইসেন্সবিহীন। এমন কি অধিকাংশ চালকই নাবালক। এরা কোন নিয়মকানুন তো মানেই না, তার উপর লাগামহীন গতিতে রিক্সা চালায়। যে কোন সময়ে দুর্ঘটনা ঘটার আশঙ্কায় আরোহীরা উদ্বিগ্ন হলেও চালকেরা গ্রাহ্য করে না। পুরসভায় প্রতিবাদ করেও কোন ফল হয় না। খবরে প্রকাশ, এদের গাড়ীর বা গাড়ী চালানোর বৈধ লাইসেন্স না থাকলেও ইউনিয়নের সভ্য হতে বাধা নেই। পুর প্রশাসনের ঔদাসীন্যে ও গাফিলতিতে এ সব বে-আইনী চালকরাই আবার যা খুশী ভাড়া দাবী করে। কেউ আপত্তি করলে অকথ্য গালাগালির শিকার হয়। আমাদের সংবাদদাতা আরোও জানান, এ অব্যবস্থা শুধুমাত্র ধুলিয়ানেই নয় মহকুমার সর্বত্র। রঘুনাথগঞ্জ পুর শহরে, আধাশহর সাগরদীঘি, অরঙ্গাবাদ, নিমতিতা এমন কি আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ফরাক্কা ব্যারেজ এলাকাতেও এই একই অবস্থা। সর্বত্রই এরা ভাড়া দাবী করে যখন যা খুশী। ইউনিয়নের ছত্রছায়ায় থেকে অনেক সময় ভদ্র আরোহীদের হুমকী দিতে বা গায়ে হাত দিতেও ভয় পায় না। অনুসন্ধানে জানা যায়—অনেক রিক্সা চালকের দৈনিক আয়ও অবিশ্বাস্য। এই রোজগারের মূল সূত্র অবৈধ নেশার সামগ্রী ও বাংলাদেশী মাল এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া। এই সব চোরা চক্রের সাথে পুলিশের গোপন সমঝোতা থাকায় রিক্সা চালকরা পুলিশকে ভয় করে না। এবং আরো অসংযত হবার সুযোগ পায়।

## পঞ্চায়েত সভাপতির বিরুদ্ধে দলবাজীর অভিযোগ

জঙ্গিপুর : রঘুনাথগঞ্জ ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি কংগ্রেস (ই) অধিকৃত সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতে সর্বপ্রকার অর্থ-নৈতিক সাহায্য বন্ধ করে দিয়েছেন বলে প্রধান অভিযোগ করেন। তিনি আরোও বলেন, সমিতির সি পি এম সভাপতি আই আর ডি পি র ব্যাঙ্ক ঋণের ক্ষেত্রেও বিরোধিতা করছেন। ফলে এ অঞ্চলের দরিদ্র মানুষেরা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। সমস্ত ঘটনা (শেষ পৃঃ দ্রঃ)

## একমাত্র দলের লোকেই লোন পাচ্ছেন

সাগরদীঘি : স্থানীয় ব্লকের মনিগ্রাম গৌড় গ্রামীণ ব্যাঙ্ক থেকে সাবিক গ্রাম উন্নয়ন প্রকল্পে গত পূজার আগে ঋণ দেওয়া হয়। এই ঋণের অর্দ্ধেক টাকা ভরতুকী দেওয়া হবে বলে ঘোষিত হয়। গ্রামবাসীদের অভিযোগ, ঐ ঋণের টাকা শুধুমাত্র দলীয় ক্যাডারদের দেওয়া হয়েছে এবং কোন ক্ষেত্রেই ঋণের সর্ত পালিত হয়নি। অন্য লোকের ছাগল দেখিয়ে ছাগল কেনার ঋণ নেওয়া হয়েছে। (শেষ পৃঃ দ্রঃ)

## সম্পাদক ও ম্যানেজারের বিরুদ্ধে ঘুষের অভিযোগ

জঙ্গিপুর : বড়শিমুল কৃষি উন্নয়ন সমবায় সমিতির সম্পাদক ও ম্যানেজারের বিরুদ্ধে প্রকাশ্যে ঘুষ নেওয়ার বিরুদ্ধে রঘুনাথগঞ্জ ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি ও বি ডি ও জেলার উর্ধতন কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ আনছেন। উল্লেখ্য, আর আর ডি প্রকল্পের অধীন দরিদ্র ঋণ গ্রহীতাদের কাছ থেকে প্রকাশ্য ঘুষ চাওয়ায় এলাকার অধিবাসীদের লিখিত অভিযোগের ভিত্তিতে এই ব্যবস্থা নেওয়া হচ্ছে।

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

২১শে অগ্রহায়ণ বুধবার ১৩৯৫ সাল

## সংবাদপত্রের স্বাধীনতা

সংবাদপত্রের আদর্শ নির্ভীকভাবে সত্য সংবাদ প্রকাশ করা। কিন্তু দেখা যাইতেছে অপ্রিয় সত্য প্রকাশ করিতে যাইয়া সংবাদপত্রগুলিকে শাসক পক্ষের বিরোধিতার মুখোমুখী হইতে হইতেছে। কিছুদিন পূর্বে বিহারে কংগ্রেস সরকারের বিরুদ্ধে পুনঃপুনঃ লেখনী ধারণ করায়, সংবাদপত্রের কণ্ঠরোধে বিহার প্রেস বিল বিধানসভায় উত্থাপন করা হয়। অবশ্য সাংবাদিক ও সংবাদপত্রের সংঘবদ্ধ আন্দোলনে জনমতের সমর্থন আদায় করিতে পারায় সেই বিল প্রত্যাহৃত হয়। কেন্দ্রীয় সরকার কর্তৃক আনীত সংবাদপত্রের বিরুদ্ধে মানহানি বিলও জনমতের চাপের কাছে মস্তক অবনত করিতে বাধ্য হয়। সেদিন সারা ভারতের রাজনৈতিক বিরোধী পক্ষসহ মার্কসবাদী দলগুলি বিহার সরকার বা কেন্দ্রীয় সরকারের ওই প্রচেষ্টাকে সংবাদপত্রের কণ্ঠরোধের অপচেষ্টা বলিয়া গণ্য করিয়া সর্বশক্তি দিয়া প্রতিরোধের চেষ্টা করেন। কিন্তু 'কিমাশ্চর্য্যম্ অতঃপরম্'। যে মুহূর্ত্তে আনন্দবাজার পত্রিকা পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের দুর্নীতির ফিরিস্তি প্রকাশ করিতে আরম্ভ করিলেন সেই মুহূর্ত্তেই বামফ্রন্টের তাবড় তাবড় নেতারা এমন কি স্বয়ং মুখ্যমন্ত্রীও আনন্দবাজারের বিরুদ্ধে বিষোদ্গার করিতে শুরু করিলেন। বামফ্রন্টের বিশিষ্ট নেতা বিমান বসু আনন্দবাজারের সম্পাদককে শূয়ারের বাচ্চা, শিয়ালের বাচ্চা ইত্যাদি অশোভন গালাগালি করিতেও দ্বিধা করিলেন না। এক্ষেত্রে কিবা কংগ্রেস কিংবা বামফ্রন্ট সকলেই এক গোত্র বলিয়া চিহ্নিত হইলেন। সিদ্ধার্থ রায় জমানায় কংগ্রেসের নীতির বিরোধিতা করিয়া সম্পাদকীয় লেখায় তৎকালীন স্থানীয় নেতৃত্ব 'জঙ্গিপুর সংবাদ'কে রক্তচক্ষু প্রদর্শন করিয়া ধমক দিতে কুণ্ঠিত হয়েন নাই এবং ছাত্র পরিষদের প্রভাবশালী নেতাদের উসকানিতে পত্রিকা অফিসের সম্মুখে বোমাবাজিও হইয়াছিল। বাম জমানায় সেই একই চিত্র ফুটিয়া উঠিল শিলিগুড়ির 'উত্তরবঙ্গ সংবাদ' পত্রিকার বিরোধিতায়। উত্তরবঙ্গ সংবাদ পত্রিকার অপরাধ হইল তাঁহারা পত্রিকায় উত্তরবঙ্গের সর্ব বৃহৎ সমবায় সংস্থা হিমালয়ান মিল্ক প্রডিউসারস কো অপারেটিভ ইউনিয়ন লিঃ বা হিমুলের দুর্নীতি চক্রের খবর ধারাবাহিকভাবে প্রকাশ করিয়া জনতার দরবারে উচ্চ পদস্থ আমলা, পুলিশ প্রশাসন ও সিটুর নেতাদের মুখোশ খুলিয়া দিতে সচেষ্ট হন। সি পি এম পরিচালিত সিটুর নেতাগণ পত্রিকা কর্তৃপক্ষকে হুমকি দিয়া ওই সংবাদ প্রকাশ হইতে বিরত থাকিতে বলেন। কিন্তু কর্তৃপক্ষ সে হুমকি গ্রাহ্য না করায় শাসন কর্তৃত্বে থাকার আসুরিক দম্ভে উন্মত্ত সিটুর নেতাগণ পত্রিকা প্রকাশনা ও বিলির উপর বর্ব্বর আক্রমণ শুরু করেন। সেই হাঙ্গামায় শেষ পর্যন্ত নিহত হইলেন পত্রিকা অফিসের কর্মী দিবাকর মণ্ডল। এই ঘটনা প্রকাশ হওয়ার সঙ্গে সঙ্গে সমগ্র পশ্চিমবঙ্গের জনমত এই অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার হইয়া উঠিলেন। কিন্তু সি পি এমের নেতৃত্ব এমন কি স্বয়ং মুখ্যমন্ত্রীও প্রথমে ক্ষমতার দম্ভে শিলিগুড়িতে সিটু নেতৃত্বকেই সমর্থন করিলেন এবং এই ঘটনাকে সংবাদপত্রের স্বাধীনতার উপর হস্তক্ষেপ বলিয়া স্বীকার করিলেন না। তাঁহাদের অভিমত হইল ইহা সাধারণ একটি ট্রেড ইউনিয়ন আন্দোলন। শেষ পর্যন্ত জনমত ক্রমশঃ প্রবল হইয়া উঠায় নেতৃত্ব অবস্থা আয়ত্বে আনিতে সংবাদপত্র কর্তৃত্বের সঙ্গে ঘটনা মিটাইয়া লইতে বাধ্য হইলেন। কিন্তু আচরণে তাঁহারা ইহাই বুঝাইয়া দিলেন, মুখে বলিলেও অন্যান্য শাসক গোষ্ঠীর মত তাঁহারাও সংবাদপত্রের স্বাধীনতা দানে ইচ্ছুক নহেন।

## সুসংহত গ্রামীণ উন্নয়ন প্রকল্পের প্রশিক্ষণ কর্মশালা

রঘুনাথগঞ্জ : গত ১৬ এবং ১৭ নভেম্বর রঘুনাথগঞ্জ ১নং ব্লকের অন্তর্গত সুসংহত গ্রামীণ উন্নয়ন প্রকল্প বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা স্থানীয় এস ডি ও অফিস রিক্রিয়েশন ক্লাব ভবনে অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন মহকুমা শাসক আর এস শুক্লা। প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেন পঞ্চায়েত সমিতির সদস্য, গ্রাম পঞ্চায়েত প্রধান ও উপপ্রধানগণ, ব্লক এক্সটেনশন অফিসার, ইন্সপেকটার এস এ ই, গ্রামসেবকগণ ও এ ডি ডব্লুগণ। পঞ্চায়েত সভাপতি নির্মল মুনিয়া কর্মশালার উদ্দেশ্য ও লক্ষ্য বিষয়ে বক্তব্য রাখেন। অন্যান্য বক্তারা গ্রাম উন্নয়ন প্রকল্প বিষয়ক সরকারী নিয়মনীতি নিয়ে আলোচনা করেন। (মহকুমা তথ্য)

## ডি ওয়াই এ-র জেলা সম্মেলন

বহরমপুর : গত ১৭ এবং ১৮ নভেম্বর ডি ওয়াই এ-র মুর্শিদাবাদ জেলা সম্মেলন এখানে অনুষ্ঠিত হয়। ১৭ নভেম্বর বিকালে সম্মেলনের প্রকাশ্য অধিবেশন হয় গ্রান্ট হল সংলগ্ন ময়দানে। সর্বভারতীয় কমিটির সদস্য ও রাজ্য স্তরের নেতা ভাস্কর গুপ্ত পতাকা উত্তোলন করেন। রাজ্য নেতা মিহির রায় শহীদ বেদীতে মাল্যদান করেন। সভাপতিত্ব করেন জেলার অন্যতম জননেতা স্বপন ঘোষাল। ১৮ নভেম্বর কলেজ হলে প্রতিনিধি সম্মেলনে ১৪০ জন প্রতিনিধির মধ্যে ৫০ জনের জেলা কাউন্সিল, ১৬ জনের কার্য্যকরী কমিটি সর্বসম্মতিক্রমে গঠিত হয়।

## উচ্চ শিক্ষার্থে বিদেশযাত্রা

জঙ্গিপুর : এই শহরের প্রয়াত চণ্ডীদাস সিংহ-এর পৌত্র অনিন্দ্যকুমার সিংহ এ বছর বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয় থেকে ব্যাচিলার অব ফারমাসীতে ১ম শ্রেণী পেয়ে বিশেষ কৃতিত্ব প্রদর্শন করেন। এবং উচ্চশিক্ষাবৃত্তি পেয়ে ইউ এস এ-র ওহিও ষ্টেটের টোলিডো বিশ্ববিদ্যালয়ে মাষ্টার অব সায়েন্স ইন ফার্মাকোলজি পড়ার জন্য গত ৫ ডিসেম্বর আমেরিকা যাত্রা করেন। অনিন্দ্যের পিতা অমরকুমার সিংহ বর্তমানে ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট কলকাতার জোকায় অবস্থিত কেন্দ্রীয় বিদ্যালয়ের অধ্যক্ষ। আরো জানা যায়, আমেরিকায় থাকা কালে দু'বছরের ঐ কোর্সের সঙ্গে তিনি ফার্মাকোলজির উপর থিসিস সাবমিট করবেন।

## এল ডব্লু এস-এর নয়া পরিকল্পনা

সাগরদীঘি : স্থানীয় ব্লকের বারালা গ্রাম পঞ্চায়েতের অধীন কুমোরথি গ্রামের অধিবাসীদের গ্রামের মধ্যেই কর্মসংস্থানের এক নয়া পরিকল্পনা গ্রহণ করেছেন লুথেরান ওয়ারলড সার্ভিস সংস্থা। এই উপলক্ষে গত ২৫ নভেম্বর গ্রামবাসীরা এক সভার আয়োজন করেন। সভাপতিত্ব করেন বি ডি ও বাদলচন্দ্র দাশ এবং আমন্ত্রিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির সভাপতি কানাইলাল চক্রবর্ত্তী ও বারালা গ্রাম পঞ্চায়েত প্রধান। সভায় লুথেরান ওয়ারলড সার্ভিসের সংযোগ রক্ষাকারী অফিসার প্রদীপ চক্রবর্ত্তী তাঁদের পরিকল্পনা গ্রামবাসীদের কাছে ব্যাখ্যা করেন ও সহযোগিতা চান।

## বিবাহিতা মহিলা প্রশিক্ষণ সভা

সাগরদীঘি : সম্প্রতি মনিগ্রাম স্বাস্থ্য কেন্দ্রে ব্লক মেডিক্যাল অফিসারের উদ্যোগে বিবাহিতা মহিলাদের পারিবারিক ও শিশু স্বাস্থ্য রক্ষা বিষয়ক এক প্রশিক্ষণ সভা অনুষ্ঠিত হয়। ৪০ জন বিবাহিতা মহিলা এই সভায় যোগ দেন। সমাজ উন্নয়ন আধিকারিক দ্বিজেন্দ্রকুমার পাঠক স্বাস্থ্য রক্ষা ও পরিবেশ দূষণ সম্বন্ধে বিশদ আলোচনা করেন। মেডিক্যাল অফিসার ডাঃ সঞ্জীবকুমার সাহা যুবক-যুবতীদের বিবাহের সঠিক বয়স, নারীদের গর্ভাবস্থায় বিভিন্ন অসুখ, শরীর পুষ্টির প্রয়োজনীয়তা ও অধিক সন্তান ধারণের কুফল প্রভৃতি সম্বন্ধে জ্ঞানগর্ভ ভাষণ দেন। ম্যালেরিয়া পরিদর্শক কার্ত্তিক প্রামাণিক ধূলোবালির হাত (৩য় পৃষ্ঠায়)

## বাসুদেবপুর হল্ট ষ্টেশনে শহীদ সভা

ধুলিয়ান : গত ১৭ নভেম্বর বাসুদেবপুর হল্ট ষ্টেশনে পৃথক পৃথক ভাবে আর এস পি ও সি পি আই এম অর্জ্জুন-এরাদত স্মরণে শহীদ সভার আয়োজন করেন। ১৯৭৩ খৃঃ কংগ্রেস শাসনে খাদ্যদ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি, চুরি ছিনতাই রাহাজানি বৃদ্ধি ও কংগ্রেসী যুব ছাত্র সমর্থকদের হিংসাশ্রয়ী মনোভাব ও অরাজকতার বিরুদ্ধে আট জোটের বামফ্রন্ট বাংলা বন্ধের ডাক দেন। ১০ নভেম্বর ১৯৭৩ এর সেই দিনটিতে বাসুদেবপুর হল্ট ষ্টেশনে ট্রেন আটককে কেন্দ্র করে পুলিশের গুলিতে দুই কিশোর সি পি এমের অর্জ্জুন ও আর এস পির এরাদত নিহত হয়। আর এস পির আহুত জনসভায় রাজ্য কমিটির সদস্য আশীষ রায়চৌধুরী, জেলা কমিটির সদস্য বিশ্বনাথ ব্যানার্জী, জেলা পরিষদ সহ-সভাধিপতি মোঃ নিজামুদ্দিন ও বিধায়ক শীষ মহম্মদ বক্তব্য রাখেন। সভাপতি ছিলেন স্থানীয় কমিটির সম্পাদক জগন্নাথ চৌধুরী। সি পি আই এম আহুত সভায় বক্তব্য রাখেন বিধায়ক তোয়াব আলি, চিত্ত সরকার ও মোবজুল। বক্তারা সেদিনের সে আন্দোলনের তাৎপর্য্য ও শহীদদ্বয়ের জীবন দানের মধ্য দিয়ে লাল ঝাণ্ডার অগ্রগতির ইতিহাস বর্ণনা করেন।


### বাস্তুজমি বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরে হাসপাতাল হইতে ষ্টেট ব্যাঙ্ক যাওয়ার পথে প্রফেসার অনিল চৌধুরীর বাড়ির নিকট পিচ-রাস্তার উপর ১০ শতক বাস্তুজমি বিক্রয় হইবে। যোগাযোগ করুন—

১) অধ্যাপক অনিল চৌধুরী, রঘুনাথগঞ্জ

২) অধ্যাপক অনুপ ঘোষাল, মির্জ্জাপুর

---

জঙ্গিপুর মহকুমা তথ্য আধিকারিক অফিস কাম রেসিডেনসের প্রয়োজনে একটি বাড়ীর খোঁজ করছেন। এবং বাড়ী মালিকদের তাঁর দপ্তরে সত্বর যোগাযোগের অনুরোধ জানাচ্ছেন।

---

Apply to the Secretary, Sagardighi Girls' High School, Vill+P. O. Sagardighi, Dt Murshidabad for the post of a B.Sc (Bio) Hons B.ED in leave vacancy within five days from the date of publication.


### মহিলা প্রশিক্ষণ সভা

(২য় পাতার পর)

থেকে শরীরকে রক্ষা করা, বিশুদ্ধ পানীয় জল পানের প্রয়োজনীয়তা, মশক কুলের প্রসার বন্ধ করা প্রভৃতি নিয়ে আলোচনা করেন। ব্লক পাবলিক হেলথ এর নার্স সন্ধ্যা দে গর্ভবতী মেয়েদের গর্ভকালীন খাদ্য তালিকা ও ঔষধ সেবনের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করেন এবং শিশু জন্মের দেড়মাসের মধ্যে রোগ প্রতিষেধক যে সব টিকা ইনজেকশন ও পোলিও ভ্যাকসিন প্রভৃতি প্রয়োজন তা বুঝিয়ে বলেন। মনিগ্রাম স্বাস্থ্যকেন্দ্রে দীর্ঘ দিন ডাক্তারের অভাব নিয়ে আলোচনা হয় ও এই অবস্থা দূর করতে উর্দ্ধতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ প্রার্থনা করা হয়। গ্রামবাসীরা স্বাস্থ্যকেন্দ্রের কম্পাউণ্ডার শ্রীকুমার সরকারের অক্লান্ত সেবার ভূয়সী প্রশংসা করেন।

## লালগোলা রুটে বাস ধর্মঘট মিটলো

জঙ্গিপুর, ২৪ নভেম্বর : জঙ্গিপুর-লালগোলা রুটে তিনদিন ধরে বাস মালিকেরা বাস চলাচল বন্ধ রাখেন। প্রকাশ বিনা টিকিটে বাসে চাপার চেষ্টা করলে বাস কর্মীরা জনৈক যাত্রীকে প্রহার করেন। এর পরিপ্রেক্ষিতে স্থানীয় বুকিং কাউন্টারে হামলা হলে মালিকেরা বাস চলাচল বন্ধ রাখেন। আজ প্রহৃত যাত্রীটিকে ৮০০ টাকা ক্ষতিপূরণ দিতে রাজী হলে স্থানীয় মানুষদের সাথে বাস মালিকদের গোলমাল মিটে যায় ও পুনরায় বাস চলাচল শুরু হয়।


NTPC

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)

## Tender For Hired Buses

**N. I. T. No. FS : 42 : CS : 1579/T-132/88**

Sealed tenders are invited from reputed transport agencies having sound financial standing for running of hired buses to be operated between Farakka (Murshidabad) and Khejuriaghat (Malda). Present requirement is 12 (twelve) nos, Deluxe buses each 50/52 seater. The requirement are likely to vary from time to time and may go upto 16 nos. The tender shall be initially for one year with a further provision of extension for two more years.

Minimum eligibility criteria for the prospective bidders is to have experience of operating 8 (eight) buses at a time in any reputed organisation for atleast a period of one year. Tender documents may be obtained from this office on production of valid income tax & sales tax clearance certificate together with credentials in support of experience, during working days.

1. Approx. estimated cost—Rs. 20 lacs.
2. Cost of tender document—Rs.100·00
3. Sale of tender document—28-11-88 to 27-12-88
4. Last date receipt and opening of sealed tenders— 3 p. m. on 28-12-88
5. Earnest money deposit—Rs. 40,000/-

NTPC does not bind itself to accept the lowest tender and may reject any/all the tenders or may divide the work amongst more than one tenderer.

**Deputy Manager (Contracts)**

## মাঠে অজ্ঞাত পরিচয় তরুণীর মৃতদেহ

জঙ্গিপুর : গত ৩০ নভেম্বর সকালে লালগোলা থানার বাথরপুর গ্রামের পাশের মাঠে ২০-২২ বছরের এক তরুণীর মৃতদেহ দেখতে পাওয়া যায়। মৃতার দেহে ধারাল অস্ত্রের আঘাত ছিল। খবর পেয়ে আশপাশ গ্রাম থেকে কৌতুহলী জনতা মাঠে জড়ো হয়। মৃতা রঘুনাথগঞ্জ-২ ব্লকের কুলগাছি গ্রামের আসিয়া বিবি বলে অনেকেরই সন্দেহ হয়। আসিয়ার মাকে খবর দেওয়া হলে তিনি মৃতাকে তাঁর কন্যা বলে সনাক্ত করেন। তিনি বলেন, নিকটবর্তী পণ্ডিতপুরে আসিয়ার বিবাহ হয়। কিন্তু কিছু দিনের মধ্যেই বিবাহ বিচ্ছেদ হয়। এরপর কুলগাছির বুলু সেখের সঙ্গে তার বিবাহের ঠিক হয়। ঘটনার আগের দিন আসিয়া, বুলু সেখ ও বুলু সেখের পিসতুত ভাই তিন জনে কোর্টে বিবাহ রেজিষ্ট্রি উদ্দেশ্যে যাত্রা করেন। পুলিশকে খবর দেওয়া হয়।

এখনও খুনের কারণ বা এ ব্যাপারে কেউ গ্রেপ্তার হয়নি।

## এল টি সি নিয়ে কারচুপি

( ১ম পৃষ্ঠার পর )

সঙ্গে দেখা করে নাকি এক ফায়সালায় আসেন। তার ফলে কর্মীদের বেতন থেকে কিস্তি করে আগাম দেওয়া টাকা কেটে নেওয়ার ব্যবস্থা হয়েছে ও কেটে নেওয়া হচ্ছে বলে জানা যায়। বহু পূর্বে ফরাক্কা ব্যারেজেও এইরূপ একটি কারচুপির ঘটনা তৎকালীন এক্সিকিউটিভ ইঞ্জিনীয়ার পি, কে, ব্যানার্জীর হাতে ধরা পড়ে। সে সময় জেনারেল ম্যানেজার বদলী হয়ে নতুন জেনারেল ম্যানেজার রন্তিদেবনের কার্যভার গ্রহণের সুযোগে ব্যাপারটি-কে ধামা চাপা দেওয়া হয়।

## দলবাজির অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

বি ডি ও-কে জানানো সত্ত্বেও প্রশাসনিক কোন ব্যবস্থা গৃহীত হয়নি। অন্যদিকে খবর, সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতের কংগ্রেস প্রধানের বিরুদ্ধে সি পি এম সদস্যরা অনাস্থা আনছেন। ভয়-ভীতি লোভ দেখিয়ে কংগ্রেস সদস্যদের মধ্যে দলত্যাগ ঘটিয়ে সি পি এম দল প্রায় তাঁদের উদ্দেশ্য সিদ্ধ করে এনেছেন। উল্লেখ্য, রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মাত্র এই একটি গ্রাম পঞ্চায়েত দখলে আনতে পারলেই ন'টি গ্রাম পঞ্চায়েতই সি পি এমের দখলে এসে যাবে।

## অন্যান্য বিধানসভার কাজ দেখতে যাচ্ছেন বিধায়করা

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুরের বিধায়ক হাবিবুর রহমানসহ রাজ্য বিধানসভার বিধায়কদের একটি দল এ মাসের প্রথম সপ্তাহে মধ্য ভারত ও দক্ষিণ ভারত পরিভ্রমণে যাচ্ছেন বলে জানা যায়। বিধায়কদের দলটি এই ভ্রমণকালে বিভিন্ন রাজ্যে বিধানসভার কার্যকলাপ পরিদর্শন ও পর্য্যবেক্ষণ করবেন।

## হিন্দু সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠান

আহিরণ : গত ৩ ডিসেম্বর স্থানীয় অজগরপাড়া ফুটবল ময়দানে বিশ্ব হিন্দু পরিষদের উদ্যোগে হিন্দু সম্মেলন ও সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। আশপাশের ৬০টি গ্রাম থেকে প্রায় পাঁচ হাজার হিন্দু নরনারী ওই অনুষ্ঠানে যোগ দেন। সকাল ৬টায় ভারতমাতা ও শ্রীবিষ্ণুর পূজার্চনার পর অনুষ্ঠান আরম্ভ হয়। সকাল ৯টায় সাংস্কৃতিক কর্মসূচী অনুযায়ী বিতর্ক প্রতিযোগিতা, তীর-ধনুক ও বসে আঁকো প্রতিযোগিতায় স্বামী বিবেকানন্দের প্রতিকৃতি অঙ্কনে বহু প্রতিযোগী যোগ দেন। সম্মেলনে উপস্থিত ব্যক্তিদের মধ্যে ভাষণ দেন আহিরণ প্রথণ্ডের সম্পাদক প্রণব সরকার, আর এস এস-র বিমানেশ্বর ভট্টাচার্য্য, পরিষদের বিভাগীয় সম্পাদক উত্তমকুমার দাস পরিষদের উদ্দেশ্য ও হিন্দুদের সমস্যা বিবৃত করেন। সীমান্ত সুরক্ষা সমিতির তরফে চিত্ত মুখার্জী অনুপ্রবেশ, গরু পাচার প্রভৃতি নিয়ে বক্তব্য রাখেন ও স্থানীয় হিন্দুদের কিছু অংশের সেই সমস্ত কর্মে গোপন অংশগ্রহণের কথা ব্যাখ্যা করেন। তিনি প্রকৃত হিন্দু সংস্কৃতির পুনর্জাগরণের আহ্বান জানান। পরিষদের স্থানীয় সঞ্চালক পিপাসা মাঝি পরিষদের শ্রীবৃদ্ধি ঘটাতে সকলকে তৎপর হতে আহ্বান জানান।

## দলের লোকই লোন পাচ্ছেন

( ১ম পৃষ্ঠার পর )

এমন কি যার কোন রকম ব্যবসা নাই এমন লোককেও ধান, চাল, মুড়িভাজা ও তরকারী ব্যবসায়ের ঋণ দেওয়া হয়েছে। গ্রামবাসীরা আরও জানান, তথ্যানুসন্ধান করলে দেখা যাবে ঋণ প্রাপকেরা ওই অর্থে কোন ব্যবসা না করেই পূজার জমা কাপড় কিনে ঋণের টাকা অপব্যবহার করেছেন।

## ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে গণ্ডগোল

অরঙ্গাবাদ : গত ৩ ডিসেম্বর স্থানীয় ডি, এন, কলেজে ছাত্র সংসদের নির্বাচনকে কেন্দ্র করে সি পি এবং এস এফ আই এর এক সংঘর্ষে বেশ কয়েকজন আহত হন। দু' পক্ষই থানায় কেস করেন। পুলিশ এই ঘটনায় সি পি-র দু'জন ও এস এফ আই-এর একজনকে গ্রেপ্তার করে।

## ॥ মৎস্য চাষী ভাইরা সাবধান ॥

### মাছের সাম্প্রতিক ক্ষতরোগ ( Epizotic Ulcerative Syndrome )

### প্রতিকার সম্পর্কিত কতিপয় ব্যবস্থা :

**রোগের লক্ষণ :**

মাছের গায়ে অথবা পাখনার কাছে এক বা একাধিক লাল, হলুদ রং-এর চাকা চাকা দাগ দেখা যায় এবং ক্রমশঃ সমস্ত শরীরে গভীর ক্ষত সৃষ্টি করে, কখনো কখনো মাথা এবং চোখ আক্রান্ত হয়।

শাল, শোল, ল্যাটা, সিঙ্গি, মাগুর ইত্যাদি মাছের মধ্যে প্রাথমিক ক্ষেত্রে এই রোগ পরিলক্ষিত হয় এবং আস্তে আস্তে অন্যান্য মাছও আক্রান্ত হয় এবং শেষ পর্যন্ত মাছ মারা যায়। এই রোগ ফিলিপাইনস্ অষ্ট্রেলিয়াতে প্রথম দেখা যায়। সম্প্রতি বাংলাদেশে ইহা মহামারি রূপ ধারণ করে এবং পশ্চিমবঙ্গে কয়েকটি জেলায় এই রোগ দেখা গিয়েছে। মুর্শিদাবাদ জেলায় রাণীনগর ১নং ব্লকে এই রোগের প্রাদুর্ভাব দৃষ্টিগোচর হয়েছে।

**রোগের প্রতিকার**

১। মাছ চাষীকে পুকুরের মাছের উপরোক্ত রোগের লক্ষণগুলির উপর সতর্ক দৃষ্টি রাখতে হবে।

২। যে সব পুকুরে বন্যার জল প্রবেশ করেছে সেইগুলির ক্ষেত্রে এই রোগের প্রাদুর্ভাবের সম্ভাবনা সর্বাধিক।

৩। রোগ আক্রান্ত মাছের পুকুরের সর্বত্র বিঘা প্রতি ৪৫-৬০ কেজি চুন তিন বারে প্রতি সপ্তাহে দিতে হবে।

৪। জলাশয়ের জল অতিমাত্রায় দূষিত হয়ে গেলে বিঘা প্রতি জলকরে ৯০-১২০ কেজি হিসাবে লবণ প্রয়োগ করতে হবে।

৫। যেখানে আক্রান্ত হয়নি সেখানে প্রতিষেধক হিসাবে প্রতি বিঘা জলকরে ২০ কেজি চুন ও ৫০ কেজি লবণ প্রয়োগ করুন। রোগের লক্ষণ দেখা গেলে বিস্তারিত আলোচনার জন্য ব্লক স্তরে ব্লকের মৎস্য চাষ সম্প্রসারণ আধিকারিকের সহিত এবং জেলা স্তরে জেলা মীনাধিকারিকের সহিত সত্বর যোগাযোগ করুন।

মুর্শিদাবাদ জেলা মৎস্য চাষী উন্নয়ন সংস্থা (FFDA) কর্তৃক প্রচারিত।

জেলা তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদ।

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের ( Tax ) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।
যোগাযোগ—
শম্ভুনাথ চ্যাটার্জী
প্রযত্নে বিশ্বপতি চ্যাটার্জী
পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।